অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/3/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটে জলবায়ুবান্ধব ভবন অগ্রসর করতে এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জে নির্বাচিত ছয়টি নতুন অংশীদার ঘোষণা করলেন

রিয়েল এস্টেট দল তাদের বিদ্যমান উঁচু ভবনগুলিতে হিটিং এবং অভ্যন্তরীণ গরম পানি ডিকার্বোনাইজ করতে প্রতিশ্রুতিবদ্ধ

এম্পায়ার প্রযুক্তি পুরস্কার কর্মসূচির পরিচালকও নির্বাচিত

2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 85 শতাংশ কমিয়ে আনার জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে ছয়টি নতুন রিয়েল এস্টেট অংশীদার স্টেটের 50 মিলিয়ন মার্কিন ডলারের এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জে (Empire Building Challenge, EBC) যোগ দিবে নিউ ইয়র্ক স্টেটে জলবায়ুবান্ধব ভবনের মজুদ অগ্রসর করতে সাহায্য করার জন্য। শ্রেণীর সেরা ভবন মালিক, প্রকৌশলী, এবং সমাধান প্রদানকারীদের নিয়ে গঠিত রিয়েল এস্টেট দলগুলিকে নিয়ে করা এই অংশীদারিত্বগুলি 5.6 মিলিয়ন বর্গফুটের বিদ্যমান উঁচু ভবনের, যার মধ্যে 316টি সাশ্রয়ী আবাসন ইউনিট আছে, তাদের হিটিং ও গরম পানির ব্যবস্থার কার্বন নিঃসরণ হ্রাস করার জন্য বার বার পুনরাবৃত্তি করা যাবে এমন পন্থার বিকাশ করবে, যা এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জের মাধ্যমে অগ্রসর হচ্ছে। এম্পায়ার প্রযুক্তি পুরস্কারের (Empire Technology Prize) কর্মসূচি পরিচালক হিসেবে দ্য ক্লিন ফাইটকে (The Clean Fight) নির্বাচিত করা হয়েছে, এটি একটি পুরস্কার কর্মসূচি যা নিউ ইয়র্ক স্টেটের বাণিজ্যিক এবং বহুপরিবারের ভবনগুলির নির্মাণ প্রযুক্তিসমূহ অগ্রসর করতে বিকাশ করা হয়েছে। আজকের ঘোষণা জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার লক্ষ্যকে সমর্থন করে।

"নিউ ইয়র্ক ভবনে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার উদ্ভাবনী পন্থা খুঁজতে একটি অত্যুজ্জ্বল পথ তৈরি করছে, এবং আজকের ঘোষণা করা দলগুলির মতো অভিজ্ঞ রিয়েল এস্টেট দলের সাথে অব্যাহত অংশীদারিত্বের মাধ্যমে আমরা কীভাবে তা করা যেতে পারে তার বাস্তব জীবনের উদাহরণ দিচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "আমি আমাদের নতুন এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জ অংশীদারদের অভিনন্দন জানাচ্ছি এবং আমাদের ভবনগুলিকে ডিকার্বোনাইজ করার তাদের ভিশন ও নিবেদন আমাদেরকে 2030 সালের মধ্যে জলবায়ুবান্ধব বাড়ি অর্জনের আরো কাছে নিয়ে যাবে।"

এর আগে এই বছরে নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) জারি করা একটি প্রতিযোগিতামূলক আবেদনের ফলাফল হিসেবে, নিচের সংগঠনগুলি এবং তাদের অংশীদারদের EBC কর্মসূচির আটটি শোকেস ভবনকে অগ্রসর করার জন্য বাছাই করা হয়েছে। ঘোষণাটির দ্বারা EBC-র এখন 16টি রিয়েল এস্টেট নেতার সাথে অংশীদারিত্ব রয়েছে, যার মধ্যে গত বছরের ঘোষিতরা আছে, যারা নিউ ইয়র্ক রিয়েল এস্টেটের 228 মিলিয়ন বর্গফুটের বেশি বাণিজ্যিক ও বহুপরিবারের নিউ ইয়র্ক রিয়েল এস্টেট নিয়ন্ত্রণ করে, যার মধ্যে 75,000-র বেশি আবাসন ইউনিট আছে। এই নেতারা জনসমক্ষে 125 মিলিয়ন বর্গফুট ডিকার্বোনাইজ করার প্রতিশ্রুতি গ্রহণ করেছে, যার মধ্যে 1,500 ইউনিটের কাছাকাছি সাশ্রয়ী আবাসন রয়েছে।

আজকে ঘোষিত নতুন অংশীদারদের মধ্যে রয়েছে:

অ্যামালগেম্যাটেড হাউজিং কর্পোরেশন

- দলে রয়েছে: এন-পাওয়ার গ্রুপ, এগ জিও
- ভবনসমূহ: Tower I & Tower II, 3965 - 3975 Sedgwick Avenue, Bronx NY 10463
  - দুইটি বহুপরিবারের সাশ্রয়ী আবাসন সম্পত্তি, 316টি সাশ্রয়ী আবাসন ইউনিট, 20 তলা, 425,070 বর্গফুট

বোস্টন প্রোপার্টিজ

- দলে রয়েছে: জ্যারোস, বম এবং বোলেস কনসাল্টিং ইঞ্জিনিয়ার্স, এলএলপি, নর্গেস ব্যাংক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট
- ভবনসমূহ: 601 Lexington Ave, New York, NY 10022
  -একটি উঁচু বাণিজ্যিক অফিস ভবন, 59 তলা, 1.79 মিলিয়ন বর্গফুট

ব্রুকফিল্ড প্রোপার্টিজ

- দলে রয়েছে: কনসেন্টিনি অ্যাসোসিয়েটস
- ভবনসমূহ: 660 5th Avenue, New York, NY 10022
  -একটি উঁচু বাণিজ্যিক অফিস ভবন, 41 তলা, মোট 1.5 মিলিয়ন বর্গফুট

ইক্যুইটি রেসিডেন্সিয়াল

- দলে রয়েছে: গোল্ডম্যান কোপল্যান্ড কনসাল্টিং ইঞ্জিনিয়ার্স, জোন্স ল্যাং লাস্যাল, RUHL
- ভবনসমূহ: 180 Montague, Brooklyn, NY 11201, ও 777 Sixth Ave, New York, NY 10001
  -দুইটি বহুপরিবারের ভবন, 31 এবং 32 তলা, মোট 467,762 বর্গফুট

লেফ্রাক অর্গানাইজেশন

- দলে রয়েছে: স্টিভেন উইন্টার অ্যাসোসিয়েটস, ইনকর্পোরেশন, রায়ান সোমস ইঞ্জিনিয়ারিং
- ভবনসমূহ: 59-17 Junction Boulevard, Queens NY 11373
  -একটি ক্লাস B বাণিজ্যিক ভবন, 20 তলা, মোট 395,745 বর্গফুট

টিশম্যান স্পিয়ার

- দলে রয়েছে: জ্যারোস, বম এবং বোলেস কনসাল্টিং ইঞ্জিনিয়ার্স, এলএলপি, ব্রাইটকোর, ওয়াট টাইম
- ভবনসমূহ: 520 Madison Avenue, New York, NY 10022
  -একটি উঁচু বাণিজ্যিক অফিস ভবন, 43 তলা, মোট 1.1 মিলিয়ন বর্গফুট

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "নতুন এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জের অংশীদারগণ হলো একটি স্পষ্ট ইঙ্গিত যে নিউ ইয়র্কের রিয়েল এস্টেট উঁচু ভবনগুলির জন্য শিল্প উচ্চমানের, কম কার্বনের সমাধান বের করার জন্য অগ্রসর হচ্ছে যাতে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা যায়। বাছাইকৃত বিদ্যমান উঁচু ভবনের বৈচিত্র্য, যার ব্যাপ্তি ব্রঙ্কসের একটি সাশ্রয়ী আবাসন কোঅপারেটিভ থেকে শুরু করে ম্যানহাটনের একটি 59 তলা বাণিজ্যিক অফিস ভবন প্রজত বিস্তৃত, আরো বেশি নিউ ইয়র্কবাসীর জন্য ভবনের বৈদ্যুতিকরণকে বাস্তব করার জন্য আমাদের যেই ব্যাপক বিস্তৃতির ভবনের মজুদের জন্য সমাধান খুঁজতে হবে তার প্রদর্শন করে।"

নতুন এই EBC অংশীদারগণ উঁচু বহুপরিবার এবং বাণিজ্যিক ভবনসমূহে হিটিং এবং গরম পানির ব্যবস্থা ডিকার্বোনাইজ করার উপর মনোযোগী উদ্ভাবনী সমাধান প্রয়োগ করবে তাপ পুনরুদ্ধার ও ভাগ করা, থার্মাল স্টোরেজ, আধুনিক হিট পাম্প, কম তাপমাত্রার হাইড্রোনিক্স, এবং আধুনিক সিস্টেম ইন্টিগ্রেশনের মতো প্রযুক্তিগত সমাধানের মাধ্যমে। অংশীদারগণ ডিকার্বোনাইজেশন পরিকল্পনার জন্য 100,000 মার্কিন ডলার পি এবং তাদের কম কার্বন রেট্রোফিট প্রদর্শনী প্রকল্পসমূহের জন্য 3,000,000 মার্কিন ডলার পর্যন্ত পাওয়ার উপযুক্ত হবে একটি প্রতিযোগিতামূলক আবেদনের মাধ্যমে যা এই বছরের শেষে হবে বলে প্রত্যাশা করা যাচ্ছে পাশাপাশি, দ্বিতীয় কোহর্টের কেস স্টাডি এবং সেরা অনুশীলন 2023 সালে এম্পায়ার বিল্ডিং প্লেবুকের (Empire Building Playbook) মাধ্যমে প্রকাশ করা হবে।

2020 সালে শুরু হওয়া EBC হলো NYSERDA এবং শীর্ষস্থানীয় রিয়েল এস্টেট ডেভেলপার, প্রকৌশল ফার্ম, এবং নিউ ইয়র্ক স্টেটের 3 বিলিয়ন বর্গফুটের বিদ্যমান, উঁচু বহুপরিবারের, বাণিজ্যিক ও প্রাতিষ্ঠানিক ভবনসমূহজুড়ে পুনরাবৃত্তিযোগ্য পথিকৃৎ জলবায়ুবান্ধব রেট্রোফিট সমাধান প্রদানকারীদের মধ্যকার সরকারি-বেসরকারি অংশীদারিত্ব। এই চ্যালেঞ্জের উদ্দেশ্য হলো রিয়েল এস্টেট পোর্টফলিও মালিকদের থেকে জলবায়ু পদক্ষেপ গ্রহণ করানো; বিদ্যমান ভবনকে ডিকার্বোনাইজ করার জন্য শ্রেণীর সেরা, বাণিজ্যিকভাবে গ্রহণযোগ্য কৌশল প্রদর্শন করা; এবং বৈশ্বিক সরবরাহ চেইনে পণ্যের বিকাশ ও উদ্ভাবন শুরু করানো।

এছাড়াও আজকে ঘোষণা করা হয়েছে যে, দ্য ক্লিন ফাইটকে প্রতিযোগিতামূলকভাবে এম্পায়ার প্রযুক্তি পুরস্কারের জন্য কর্মসূচির সমন্বয়ক হিসেবে নির্বাচিত করা হয়েছে, এটি একটি 10 মিলিয়ন মার্কিন ডলারের কর্মসূচি যা তৈরি করা হয়েছে এমন ভবন প্রযুক্তি অগ্রসর করার জন্য যা নিউ ইয়র্ক স্টেটের উঁচু বাণিজ্যিক ও বহুপরিবারের ভবনগুলিতে কম কার্বন রেট্রোফিটের প্রয়োগ ও গ্রহণ বৃদ্ধি করবে। কর্মসূচির সমন্বয়ক হিসেবে, দ্য ক্লিন ফাইট কৌশলী অংশীদার একত্রিত করা, সমাধান প্রদানকারীদের নিয়োগ ও বাছাই, বাছাইকৃত কর্মসূচির অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ ও সমর্থন প্রদান, কর্পোরেট অংশীদারদের থেকে তহবিল উত্তোলন এবং পুরস্কার প্রদানের দায়িত্বে থাকবে।

দ্য ক্লিন ফাইট একটি অ্যাক্সেলেটর কর্মসূচি যা 2020 সাল থেকে নিউ ইয়র্কে সফলভাবে ভবনকেন্দ্রিক, কোহর্টভিত্তিক, বিকাশমূলক পর্যায়ের অ্যাক্সেলেটর কর্মসূচি পরিচালনা করেছে, যার ফলে তারা NYSERDA-র উদ্ভাবন ও ভবন ডিকার্বোনাইজেশন দলগুলির (Innovation and Buildings Decarbonization Teams) সাথে এম্পায়ার প্রযুক্তি পুরস্কার গঠন করার জন্য আদর্শ অংশীদার।

নিউ ইয়র্ক স্টেটের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল ডিভিশনের (New York State Division of Homes and Community Renewal) কমিশনার রুথঅ্যান ভিস্নাউস্কাস বলেন, "গভর্নর হোকল আমাদের গঠিত পরিবেশে কার্বন নিঃসরণ হ্রাস করতে বাস্তব পদক্ষেপ গ্রহণ করছেন, যার মধ্যে আছে সাশ্রয়ী আবাসন নির্মাণ, যা নিউ ইয়র্কের আগ্রাসী জলবায়ু লক্ষ্য অর্জন করবে। এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জটি রিয়েল এস্টেট দলগুলির সাথে অংশীদারিত্বকে ব্যবহার করে আবাসিক উঁচু ভবনকে ডিকার্বোনাইজ করবে এবং ভবিষ্যতের জন্য আর পরিচ্ছন্ন ও সবুজ একটি নিউ ইয়র্ক তৈরিতে সাহায্য করবে। অ্যামালগ্যামেটেড হাউজিং কর্পোরেশনকে (Amalgamated Housing Corporation) অভিনন্দন এই গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জের জন্য নির্বাচিত হওয়ার জন্য যা পুরো স্টেটের আবাসন পোর্টফলিওতে নিঃসরণ হ্রাস করার একটি স্কেলযোগ্য মডেল স্থাপন করবে।"

অ্যামালগ্যামেটেড হাউজিং কর্পোরেশনের বোর্ড ট্রেজারার এড ইয়াকার বলেন, "প্রথম থেকেই অ্যামালগ্যামেটেডের প্রতিষ্ঠাতারা এবং পথিকৃৎরা প্রদর্শন করেছেন জে সীমিত ইক্যুইটির কোঅপারেটিভ আবাসন মধ্যবিত্ত কর্মজীবী পরিবারের জন্য সাশ্রয়ী বাড়ির মালিক হওয়ার একটি দারুণ উপায় প্রদান করে। আজকে বিদ্যমান ভবনকে জে উদ্ভাবনী শক্তি পন্থা দ্বারা রেট্রোফিট করে শক্তি ব্যবহার হ্রাস, গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস, ব্যয় হ্রাস, এবং সাশ্রয়ী ও কোঅপারেটিভ ভবনে বাসিন্দাদের আরাম বৃদ্ধি করার যেতে পারে তা প্রদর্শন করার জন্য আমরা NYSERDA-র সাথে অংশীদারিত্ব করতে পেরে গর্বিত।"

বোস্টন প্রোপার্টিজ ইনকর্পোরেশনের (Boston Properties, Inc.) সাস্টেইনিবিলিটির ভাইস প্রেসিডেন্ট বেন মায়ার্স বলেন, "BXP-তে আমরা কার্বন নিরপেক্ষ কর্মকাণ্ডের প্রতি এবং গঠিত পরিবেশ জলবায়ু পদক্ষেপের অগ্রসরের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ, জলবায়ু পদক্ষেপ হ সামগ্রিক পদক্ষেপ এবং আমরা নর্গেস ব্যাংক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্টে (Norges Bank Investment Management) আমাদের অংশীদারদের সাথে 601 লেক্সিংটন অ্যাভিনিউয়ের ডিকার্বোনাইজেশন উদ্যোগ নিতে পেরে অত্যন্ত আনন্দিত।"

ব্রুকফিল্ড প্রোপার্টিজের (Brookfield Properties) সাস্টেইনিবিলিটির সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মাইকেল ডাসলে বলেন, "আমরা আমাদের সম্পত্তিগুলিতে অর্থপূর্ণ কার্বন নিঃসরণ হ্রাস চালনাকারী স্কেলযোগ্য, কার্যকর সমাধান সনাক্ত করার জন্য আমাদের শিল্পের নেতৃস্থানীয় পেশাদারগণ এবং NYSERDA-র সাথে অংশীদারিত্ব করে নিঃসরণমুক্ত ভবন অর্জন করতে আমাদের অব্যাহত প্রতিশ্রুতি প্রদর্শন করতে পেরে আনন্দিত। আমরা নেট জিরো অর্থনীতিতে সফলভাবে স্থানান্তরের জন্য এই ধরনের উদ্যোগে সহযোগিতামূলক কাজে ব্যাপক সুযোগ দেখতে পাই।"

ইক্যুইটি রেসিডেন্সিয়ালের (Equity Residential) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মার্ক জে পারেল বলেন, "এম্পায়ার স্টেট বিল্ডিং চ্যালেঞ্জে অংশগ্রহণ করা ইক্যুইটি রেসিডেন্সিয়ালের জন্য একটি সুযোগ ভবন ডিকার্বোনাইজ করার জন্য প্রয়োজনীয় প্রযুক্তির বিকাশ অগ্রসর করতে সাহায্য করার জন্য এবং আমাদের কোম্পানি ও নিউ ইয়র্ক সিটির আগ্রাসী কার্বন হ্রাস লক্ষ্য পূরণ করার জন্য আমরা উদ্ভাবন করতে এবং শক্তিদক্ষতা ও বিদ্যমান অ্যাপার্টমেন্ট সম্পত্তির বৈদ্যুতিকরণের জন্য নতুন নকশা মানদণ্ড নির্ধারণ করার জন্য NYSERDA-র সাথে সহযোগিতামূলক কাজ করতে উন্মুখ।"

জ্যারোস, বম এবং বোলেস কনসাল্টিং ইঞ্জিনিয়ার্স,এলএলপির (Jaros, Baum, & Bolles Consulting Engineers, LLP, JB&B) অ্যাসোসিয়েট পার্টনার, ক্রিস্টোফার ডি. কোলাসান্টি, PE, LEED AP, CEA, বলেন, "এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জ কার্বন নিরপেক্ষতা অর্জনে একটি প্রতিশ্রুতি যা আরো স্বাস্থ্যকরভাবে গঠিত পরিবেশের জন্য একটি বৈশ্বিক মিশন নিয়ে একটি স্থানীয় ভিশনকে অগ্রসর করে।"

লেফ্রাক অর্গানাইজেশনের (LeFrak Organization) বাণিজ্যিক রিয়েল এস্টেটের সিনিয়র ব্যবস্থাপনা পরিচালক ম্যারিলু বার্ক বলেন, "লেফ্রাক NYSERDA এবং অন্যান্য রিয়েল এস্টেটের শিল্পের নেতাদের সাথে অংশীদারিত্বে এম্পায়ার বিল্ডিং চ্যালেঞ্জে অংশগ্রহণ করতে পেরে গর্বিত। এই সুযোগটি আমাদেরকে প্রদর্শন করতে দিবে যে নিউ ইয়র্ক স্টেটের উঁচু বাণিজ্যিক ভবনগুলিতে ডিকার্বোনাইজেশন সম্ভব এবং পুনরাবৃত্তিযোগ্য, যা স্টেটের জলবায়ু লক্ষ্য অর্জনে একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ।"

টিশম্যান স্পিয়ারের (Tishman Speyer) ব্যবস্থাপনা পরিচালক এবং সাস্টেইনিবিলিটির ও ভবন প্রযুক্তির বৈশ্বিক প্রধান জনাথন ফ্ল্যাহার্টি বলেন, "টিশম্যান স্পিয়ার আমাদের গ্রাহকদের স্বাস্থ্য ও সুস্থতার প্রতি এবং আমরা যেই সম্প্রদায়সমূহে সেবাদান ক্রয় সেখানে আমাদের পরিবেশগত প্রভাব সর্বনিম্ন করার কাজে নিবেদিত। আমরা নিউ ইয়র্ক স্টেট এবং NYSERDA-র প্রতি কৃতজ্ঞ জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে তাদের দৃঢ় নেতৃত্বের জন্য। এই উদ্যোগের মাধ্যমে যা শিক্ষালাভ করা হবে তা আমাদের সম্পূর্ণ 87 মিলিয়ন বর্গফুটের বৈশ্বিক পোর্টফোলিওকে নিঃসরণমুক্ত করতে আমাদের চলমান প্রচেষ্টাকে অবগত করতে সাহায্য করবে।"

দ্য ক্লিন ফাইটের ব্যবস্থাপনা পরিচালক কেট ফ্রুসার বলেন, "দ্য ক্লিন ফাইট এম্পায়ার প্রযুক্তি পুরস্কারের পরিচালক হিসেবে নির্বাচিত হতে পেরে সম্মানিত বোধ করছে। এই পুরস্কারটি হলো সেই ধরনের সাহসী পদক্ষেপ যা নিউ ইয়র্কের সবথেকে কঠিন জলবায়ু সমস্যাগুলির

একটি সমাধান করার জন্য অতি গুরুত্বপূর্ণ। আমরা NYSERDA-র সাথে এই পুরস্কারটি তৈরি করতে পেরে আনন্দিত যাতে মার্কিন যুক্তরাষ্ট্রে এবং পুরো বিশ্বে এমন যুগান্তকারী প্রযুক্তি খুঁজে পাওয়া ও স্কেল করা যায় যা উঁচু ভবন ডিকার্বোনাইজ করার কাঁটাযুক্ত সমস্যা দ্রুত ও ন্যায্যভাবে সামাল দিতে পারবে।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে৷ জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্ক এই অগ্রগতিকে সামনে এগিয়ে নিয়ে যাবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউজ গ্যাস নির্গমন 1990 সালের তুলনায় 85 শতাংশ কমিয়ে আনবে, সেই সাথে পরিচ্ছন্ন জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে, এবং অন-সাইট জ্বালানি ব্যবহার কমানোর জন্য স্টেটের 2025 সালের জ্বালানি দক্ষতার লক্ষ্যমাত্রার দিকে অগ্রসর হবে যা শেষ-ব্যবহারকারীর 185 ট্রিলিয়ন BTU জ্বালানি সাশ্রয় করবে৷

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418